কালের কণ্ঠ

তারিখ ..13 JAN 2010...
পৃঃ ...২.নং কলাম...৮......

# ফতুল্লায় স্কুল শিক্ষককে জিম্মি, গ্রেপ্তার ৫

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লায় স্কুল শিক্ষককে জিম্মি করার সময় পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তারা সংঘবদ্ধ চক্রের সদস্য বলে জানা গেছে। সোমবার রাতে ফতুল্লার ইসদাইর এলাকায় এ ঘটনা ঘটে।

গ্রেপ্তারকৃতরা হলো জুয়েল দেওয়ান (২৬), সেন্টু মিয়া (৩৬), লোকমান হোসেন (৩০), শহিদুল ইসলাম (৩০) ও বেবি বেগম (৪৫)। এ ঘটনায় ওই শিক্ষক সিরাজুল ইসলাম বাদী হয়ে পাঁচজনের বিরুদ্ধে মঙ্গলবার সকালে ফতুল্লা মডেল থানায় দ্রুত বিচার আইনে একটি মামলা করেছেন।

মামলায় উল্লেখ করা হয়েছে, সিরাজুল ইসলাম একজন অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক। ফতুল্লার পশ্চিম দেওভোগ পূর্ব নগর এলাকায় বসবাস করেন। বাড়ি থেকে ইসদাইর এলাকায় জমি বিক্রির জন্য কাশেম নামের একজনের সঙ্গে কথা বলতে সোমবার রাতে তাঁর বাসায় আসেন। সেখান থেকে বাড়ি ফেরার পথে মধ্য ইসদাইর রেলস্টেশন এলাকায় পৌঁছালে কয়েকজন যুবক এসে কথা বলার জন্য একটি বাড়িতে সিরাজুল ইসলামকে ডেকে নিয়ে যায়। সেখানে একটি কক্ষে আটক করে সিরাজুল ইসলাম ও এক নারীকে নগ্ন করে মোবাইলে ভিডিও ধারণ করে। এরপর সিরাজুল ইসলামের কাছে তারা ৫০ হাজার টাকা দাবি করে। দাবি করা টাকা না দিলে তাঁর অশ্লীল ভিডিও ইন্টারনেটে ছেড়ে দেওয়া হবে। পরে মোবাইল ও সঙ্গে থাকা ৫০০ টাকা রেখে দাবি করা টাকা এনে দিতে সময় দিয়ে ছেড়ে দেয়। এরপর থানায় অভিযোগ করলে পুলিশ গিয়ে ওই পাঁচজনকে আটক করে তাদের কাছ থেকে মোবাইল ফোনসেট, টাকা ও অশ্লীল ভিডিও উদ্ধার করে।

ফতুল্লা মডেল থানার ওসি আসাদুজ্জামান জানান, গ্রেপ্তারকৃতদের পাঁচ দিনের রিমান্ড চেয়ে আদালতে পাঠানো হয়েছে। রিমান্ডে এনে তাদের বিষয় আরো জানার চেষ্টা করা হবে।